

## মায়ানমার ইউনিয়ন প্রজাতন্ত্রের উপরাষ্ট্রপতির সরকারি ভারত সফর

ভারতের উপরাষ্ট্রপতি মহম্মদ হামিদ আনসারির আমন্ত্রণে মায়ানমার ইউনিয়ন প্রজাতন্ত্রের প্রথম উপরাষ্ট্রপতি ডঃ সাই মাউক খাম ১৯-২৩ জানুয়ারি ২০১৫ সরকারি সফরে ভারতে আসছেন। মায়ানমারের মন্ত্রিসভার পূর্ণমন্ত্রী এবং উপমন্ত্রী ও শীর্ষস্তরের আমলা সহ এক উচ্চপদস্থ প্রতিনিধিদল তাঁর সফরসঙ্গী হবেন।

এই সফরে ডঃ সাই মাউক খাম রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীর সংগে সাক্ষাৎ করবেন। তিনি দিল্লি ও দিল্লির বাইরে ভারতের ঐতিহাসিক, সাংস্কৃতিক ও আর্থিক বিষয়ে গুরুত্বপূর্ণ স্থান পরিদর্শন করবেন।

গত কয়েকবছরের ভারত ও মায়ানমারের মধ্যে শীর্ষ পর্যায়ে সংযোগের পর্যায় হিসাবেই এটা সর্বশেষ সফর। এবং এই সফর দুদেশের মধ্যকার নিবিড় বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরো সুদৃঢ় করবে।

নয়াদিল্লি

১৯ জানুয়ারি ২০১৫